

প্রাক-প্রাথমিক  
আরও ১৭ জেলায়  
শিক্ষক নিয়োগ পরীক্ষা  
৩০ অক্টোবর

■ সময়কাল প্রতিবেদক

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রাক-প্রাথমিকের জন্য সহকারী শিক্ষক নিয়োগে চতুর্থ ধাপে নতুন ১৭ জেলায় লিখিত পরীক্ষা-আগামী ৩০ অক্টোবর সকাল ১০টা থেকে বেলা ১১টা ২০ মিনিট পর্যন্ত অনুষ্ঠিত হবে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সূত্রে এ তথ্য জানা গেছে। এর আগে তিন দফা ৪৪ জেলার পরীক্ষা অনুষ্ঠিত হয়।

মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা রবীন্দ্রনাথ রায় জানান, এ ১৭ জেলায় মোট প্রার্থীর সংখ্যা চার লাখ ৩৬ হাজার ৭৮ জন। চতুর্থ ধাপের পরীক্ষায় জেলাগুলোর মধ্যে রয়েছে- রাজশাহী, বগুড়া, পাবনা, নওগাঁ, ময়মনসিংহ, সিরাজগঞ্জ, যশোর, বরিশাল, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ঢাকা, রংপুর, কুমিল্লা, চট্টগ্রাম, দিনাজপুর, কুড়িগ্রাম ও গাইবান্ধা।

প্রার্থীদের মোবাইল ফোনে ২২ অক্টোবর বৃহস্পতিবার থেকে এসএমএস পাঠানো শুরু হয়েছে।